



“শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ”

গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি

GAIBANDHA PALLI BIDYUT SAMITY

সদর দপ্তর

তুলশীঘাট, গাইবান্ধা।

মোবাইল নং- ০১৭৬৯৪০০৩০

E-mail : gbandhpbps@yahoo.com

Website : www.gaibandhpbps.org.bd

স্মারক নং-২৭.১২.৩২২৪.৫২৩.০৩.০১১.১৮. ২৬৫৭

তারিখ- ২৭ শ্রাবণ, ১৪২৫ বঙ্গাব্দ
১১ আগস্ট, ২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ১২মিঃমিঃ ৪০ গ্রেড (আন্ডার সাইজ) রড সরবরাহের RFQ আহবান প্রসঙ্গে।

গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতির দাপ্তরিক কাজের স্বার্থে ১২মিঃমিঃ ৪০ গ্রেড (আন্ডার সাইজ) রড সরবরাহের জন্য পবিসের নিজস্ব তহবিলের আওতায় নিম্নোক্ত বিবরণ অনুযায়ী সংশ্লিষ্ট কাজে প্রকৃত সরবরাহকারী/বিক্রয়কারী প্রতিষ্ঠানের নিকট হইতে শর্ত সাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত রিকুয়েস্ট ফর কোটেশন(RFQ) আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	মালামালের বিবরণ	পরিমাণ(কেজি)	উদ্ধৃত একক মূল্য (টাকা)	উদ্ধৃত মোট মূল্য (টাকা)
০১	১২মিঃমিঃ ৪০ গ্রেড (আন্ডার সাইজ) রড (দরপত্র বিজ্ঞপ্তি মোতাবেক)	২৫০০		
সর্বমোট=				

কথায়ঃ

শর্তাবলীঃ

- আগ্রহী দরদাতাগন আগামী ১৯/০৮/২০১৮খ্রিঃ রোজ রবিবার দুপুর ১২ঃ০০ ঘটিকায় নিজস্ব লেটার হেড প্যাডে উল্লিখিত“ছক” মোতাবেক সীল মোহরকৃত দরপত্র জেনারেল ম্যানেজার,গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি,তুলশীঘাট,গাইবান্ধা এবং পরিচালক,পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন(উঃঅঃ)পরিদপ্তর, বাপবিবো, ঢাকা এ রক্ষিত টেন্ডার বাস্তবে দাখিল করতে পারবেন।
- দরপত্র সমূহ ঐ দিনই অর্থাৎ ১৯/০৮/২০১৮খ্রিঃ রোজ রবিবার বেলা ১২ঃ৩০ ঘটিকায় উপস্থিত দরদাতাগনের সম্মুখে(যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- দরপত্র খামের উপর “১২মিঃমিঃ ৪০ গ্রেড (আন্ডার সাইজ) রড সরবরাহের দরপত্র” কথাটি স্পষ্টাক্ষরে লিখতে হবে।
- দরপত্রে একক দর ও মোট উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্বক্ষেত্রেই একক দর গ্রহনযোগ্য দর হিসাবে বিবেচনা করা হবে।
- সরবরাহকৃত পণ্য অবশ্যই স্পেসিফিকেশন অনুযায়ী গুণগত মান সম্পন্ন হতে হবে। অন্যথায় তা কোনভাবে গ্রহন করা হবে না এবং নিজ খরচে ফেরৎ নিতে হবে।
- দরপত্রের সহিত চলতি ট্রেড লাইসেন্স, ভ্যাট সনদ, আয়কর প্রত্যয়ন পত্র, অভিজ্ঞতার সনদ ও ব্যাংক সলভেন্সি সনদের এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে (প্রয়োজনে লেডার হ্যাড প্যাডে কম্পিউটার কম্পোজ)। কোন প্রকার কাটাকাটি/ওভার রাইটিং করা যাবে না।
- দরপত্র সমূহ গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতির দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক যথাযথভাবে মূল্যায়ন করা হবে। মূল্যায়ন পূর্বক বৈধ ও গ্রহনযোগ্য সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানকে উল্লিখিত পণ্য সরবরাহের জন্য কার্যাদেশ প্রদান করা হবে।
- কার্যাদেশ প্রদানের সর্বোচ্চ ১০(দশ) দিনের মধ্যে মালামাল সরবরাহ করতে হবে।
- সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর পবিস পরিদর্শন কমিটি কর্তৃক পরিদর্শন সাপেক্ষে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত বিলের উপর নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন পূর্বক একাউন্ট পেয়ি চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে অত্র প্রতিষ্ঠানের কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- কোন প্রকার কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

(জি, এইচ, এম ওয়াহেদুল হক)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-(বহুল প্রচারের নিমিত্ত আপনার নোটিশ বোর্ডে টানানোর অনুরোধ সহ)

- পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- জেলা প্রশাসক/পুলিশ সুপার, গাইবান্ধা।
- সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..... পবিস-১/২/৩/৪।
- নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, গাইবান্ধা।
- নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, গাইবান্ধা।
- উপজেলা নির্বাহী কর্মকর্তা, গাইবান্ধা।
- ডিজিএম, বোনারপাড়া জোঃঅঃ/গোবিন্দগঞ্জ জোঃঅঃ/সদর দপ্তর-কারিগরী, গাপবিস।

জেনারেল ম্যানেজার